তৃতীয় মাত্রা

পর্ব- ৬৫৪৭

উপস্থাপনা- জিল্লুর রহমান

আলোচক- আজকের অতিথি বাংলাদেশ আওয়ামী লীগের মুক্তিযুদ্ধ বিষয়ক উপ-কমিটির সদস্য মনিরুজ্জামান মনির এবং বিএনপি চেয়ারপার্সনের উপদেষ্টা হাবিবুর রহমান হাবিব।
তারিখ- ০৫-০৭-২০২১

জিল্লুর রহমানঃ প্রিয় দর্শক বাংলাদেশের কোভিড পরিস্থিতি এখনও পর্যন্ত যথেষ্ট পরিমানে উদ্বেগজনক| মৃত্যুর সংখ্যা, আক্রান্তের সংখ্যা, পরীক্ষার বিপরীতে শনাক্তের হার, সবটাই উদ্বেগজনক| উদ্বেগজনককে আরও বাড়িয়ে তুলেছে টিকার সংকট| যদিও ইতিমধ্যে চীন এবং যুক্তরাষ্ট্র থেকে কিছু টিকা এসেছে কিন্তু সেটা প্রয়োজনের অনুপাতে খুবই সামান্য| তার একটা অংশ হচ্ছে বড় একটা অংশ হচ্ছে উপহার হিসেবে কেনা| প্রধানমন্ত্রী সংসদে দাঁড়িয়ে বলেছেন যে প্রত্যেককে টিকার আয়তায় আনবেন এবং সরকার সব টিকার ব্যবস্থা করবে একজন উদ্বিগ্ন হওয়ার কিছু নেই, শিক্ষাপ্রতিষ্ঠান খুলে দেবেন সকলকে টিকা দেবার পরে| কিন্তু যে লকডাউন চলছে সে লকডাউন অনেকে বলছেন যে তৃতীয় চতুর্থ দিনে এসে অনেকটাই ঢিলেঢালা, শিথিল হয়ে যাচ্ছে এখন লকডাউন কঠোর লকডাউনের আসলে কোন বিকল্প নেই এবং সেই সঙ্গে অন্যান্য স্বাস্থ্যবিধি না মানার কোনো বিকল্প নেই| এই করোনাকালেই আমরা নানা ধরনের সংকট দেখতে পেয়েছি|এখানে দুর্নীতি, অব্যবস্থাপনা,নানা রকমের নইরাচারের চ্চিত্র দেখেছি| আমরা একই সময়ে বা লক্ষ্য করেছি করণা ব্যবস্থাপনায় যে রাজনীতিবিদদের চেয়ে আমলাদের বেশি গুরুত্ব দেওয়া হয়েছে এটি নিয়ে সংসদে সিনিয়র কয়েকজন সংসদ সদস্যের বক্তিতা শুনেছি| উল্টোদিকে পরদিন আমরা আবার একজন তুলনামূলক বিচারে তরুণ বা যুব সংসদ সদস্য এবং যিনি সরকারের প্রতিমন্ত্রীর দায়িত্ব পালন করছেন আবার আমলাদের যে দায়িত্ব দেওয়া হয়েছে সেটি পক্ষ নিয়ে অবস্থানে কথা বলতে শুনেছি| এর বাইরে রাজনীতিতে তেমন কোন উত্তাপ না থাকলেও কিছুটা উত্তাপ আমরা উত্তেজনা খানিকটা লক্ষ্য করেছি|ডক্টর জাফরুল্লাহ চৌধুরী একটি বক্তব্যকে কেন্দ্র করে যেটি বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান কে কেন্দ্র করে অন্যদিকে ঢাকা সিটির কর্পোরেশনে দক্ষিনের বর্তমান মেয়র এবং সাবেক মেয়র এর মধ্যে এক ধরনের দ্বন্দ্ব যদিও বর্তমান মেয়র এখন চুপচাপ আছেন কিন্তু সাবেক মেয়রের বিরুদ্ধে যে ধরনের অভিযোগ দুর্নীতি দমন কমিশন থেকে বা যে ধরনের ব্যবস্থাপনায় নেওয়া হয়েছে সেগুলো কে কেন্দ্র করে ঢাকা দক্ষিণের সাবেক মেয়র অভিযোগের মূল তীর ছুরছেন বর্তমান মেয়র এর দিকে| এসব বিষয় নিয়ে আজকে আমরা কথা বলবার চেষ্টা করব কথা বলবার জন্য আমার সঙ্গে স্টুডিওতে রয়েছেন,আমার বায়ে রয়েছেন বাংলাদেশ আওয়ামী লীগের মুক্তিযুদ্ধ বিষয়ক উপ-কমিটির সদস্য মনিরুজ্জামান মনির এবং আমার গা ডানে রয়েছেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা হাবিবুর রহমান হাবিব| স্বাগতম আপনাদের দুজনকে তৃতীয় মাত্রায়| মনিরুজ্জামান মনির দেশের কভিডের পরিস্থিতি একটু অনিশ্চিত একটু উদ্বেগজনক, আপনার কাছে কি মনে হয় যে পরিস্থিতি কত দিনের মধ্যে আমরা নিয়ন্ত্রণে নিয়ে আসতে পারবে বলে আমরা মনে হচ্ছে|

মনিরুজ্জামান মনিরঃ ধন্যবাদ আপনাকে এবং সহআলোচক শ্রদ্ধেয় হাবিব ভাইকে সহ দেশের সকল মানুষকে দেশে এবং দেশের বাইরে যারা তৃতীয় মাত্রার সকল দর্শকদের কে বাংলাদেশ আওয়ামী লীগের পক্ষ থেকে শুভেচ্ছা জানাচ্ছি| কোভিড নিয়ে আমি এর আগেও আপনাকে আপনার আপনার শোতে বহুবার বলেছি আমি আসলে এক্সপার্টটেস্ট নই আমি ডাক্তার না| তবে হ্যাঁ আমি একজন সাধারন মানুষ হিসাবে সচেতন নাগরিক হিসেবে কোভিড নিয়ে আমরা কথা বলে যাচ্ছি|তবে কোভিড নিয়ে আপনারা যে কথা বলেছেন সেটা তো সত্যি কোভিড আক্রান্ত হাওয়ার পরে শুরুর দিকে সরকার বিশেষতো স্বাস্থ্য

মন্ত্রণালয় কিছু গাফিলতি ছিল এটা অস্বীকার করার কোন কারণ নেই| আমি মনে করি যেহেতু এটার উৎপত্তিস্থল চায়না,আমাদের উচিত ছিল মন্ত্রণালয়ের বিশেষতো মন্ত্রী বা সচিব তাদের অধীদপ্তর তাদের আরো বেশি সচেষ্ট হওয়ার উচিত ছিল| যেই হোক তার পরবর্তীতে সরকারপ্রধান হিসেবে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এটা কে মোকাবেলা করার জন্য নিজে যেভাবে রাত দিন পরিশ্রম করে রাষ্ট্রযন্ত্র জনপ্রতিনিধি সকলকে একাকার করে যিনি এভাবে চেষ্টা করে যাচ্ছেন এবং আমাদেরকে ভুলে গেলে চলবে না কোভিড যেমনি ভাবে একটি মহামারী,একটি রোগ, এটা কে প্রতিরোধ করার জন্য আমাদেরকে সচেতন হওয়া দরকার,খুব বেশি জরুরি এবং সাথে সাথে এটা থেকে মুক্ত হওয়ার জন্য এটাকে প্রতিরোধ করার জন্য ভেক্সিনেটেড হওয়া খুব জরুরি| এর বাইরে এটা যে আপনি মোকাবেলা করবেনসাথে সাথে আমাদেরকে বিবেচনায় নিতে হবে, আমরা একটি উন্নয়নশীল দেশ,আমরা সামনের দিকে অর্থনৈতিকভাবে বেড়ে ওঠার একটি দেশ সেক্ষেত্রে আমাদের অর্থনৈতিক দিক গুলো বিবেচনায় রেখেই আমাদের সরকার পরিচালিত হয় এটাই স্বাভাবিক| আমি মনে করি এই কোভিড কে কেন্দ্র করে গোটা দুনিয়াতেই একটা বিশ্ব অর্থনৈতিক প্রভাব এটা বিস্তার করবে| সেই জায়গাটায় কোভিড কে মোকাবেলা করার পাশাপাশি যোদি যে দেশগুলোর অর্থনৈতিক চাকাকে সচল রাখতে পারবেন না তা অর্থনৈতিকভাবে ভেঙ্গে ও পড়বে এটাও সত্য| সে কারণে আমি মনে করি মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা যথার্থই উদ্যোগ নিয়েছিলেন যখন প্রথম দিকে এই কোভিড শুরু হলো তিনি প্রণোদনার প্যাকেজ দিয়েছিলেন এটা আপনার চ্যানেলে সহ বাংলাদেশের বড় চ্যানেলে আমি বহুবার বলেছিযে উনি জীবন ও জীবিকার জন্য উনি ব্যবসার জন্য যেভাবে প্রণোদনা দিয়েছেন বিশেষত দুটি সেক্টরে আমরা রেডিমেড গার্মেন্টস এর ক্ষেত্রে এবং কৃষি সেক্টরে| কারণ আমরা জানি মহামারী হলে এরকম পরিস্থিতি হলে তখন খাদ্যের একটি দুর্যোগ বা সংকট হয়|সেটাকে মোকাবেলা করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী দুই সেক্টরে দিয়েছেন এবং আজকে আমরা সফলতা শহিত আছি এবং আমরা যারা নিন্দুকরা বা সরকার পরিচালনা ক্ষেত্রে যারা ভিন্নমতে তারা বলেছে যে দেশের মানুষ না খেয়ে মারা যাবে কিন্তু এই মহান রাব্বুল আলামিনের অশেষ কৃপায়, মাননীয় প্রধানমন্ত্রী সুদূর নেতৃত্তের কারণে আমার সেখান থেকে এখন পর্যন্ত কোভিড কালীন সময় কোন মানুষ না খেয়ে মারা যায় নাই, আওয়ামী লীগ তার জায়গা থেকে দল হিসেবে 1 কোটি 40 লক্ষ এর অধিক মানুষকে খাদ্য সহায়তার হাত বাড়িয়েছে পৌঁছে দিয়েছে| আমরা যারা রাজনীতি করি আমরাও সেই কাজটা আমাদের নির্বাচনী এলাকায় করেছি| স্বাভাবিক অর্থে সরকার যেভাবে জনগণের পাশে ছিল, এবং দল হিসেবে আওয়ামী লীগ ছিল এবং আমি..আপনারা এখন যেটা বলছেন কোভিড হঠাৎ করে তৃতীয় ঢেউ বা দ্বিতীয় ঢেউ তৃতীয় ঢেউ জায়গাটা সেটা বেড়ে গেছে এবং ডেল্টা ভ্যারিয়েন্ট বলেন ডেল্টা ভেরিয়েন্ট তারপর ইন্ডিয়ান ভারিয়ান্ট, এরকম পরিস্থিতির মধ্য থেকে এখন আমাদের মুল কাজটা হলো ভ্যাকসিন এবং আশার কথা হলো ইতোমধ্যে আমরা 45 লাখ ভ্যাকসিন আমরা গত পরশু দিন পেয়ে গেছি| সে কারণে আমি মনে করি এবং মাননীয় প্রধানমন্ত্রী বলেছেন সংসদে দাঁড়িয়ে আগামী...

জিল্লুর রহমানঃ যুক্তরাষ্ট্র থেকে আমরা পেয়েছি গিফট হিসেবে।

মনিরুজ্জামান মনিরঃ হ্যাঁ.. যুক্তরাষ্ট্রের সরকারকে আমরা ধন্যবাদ জানাই অভিনন্দন জানাই উনারা আমাদের পাশে এসে দাঁড়িয়েছেন। এবং আজকে আমি মনে করি মাননীয় প্রধানমন্ত্রী ডিসেম্বরের মধ্যে ১০ কোটি ডোজ টিকা আমরা যাতে পাই সে ব্যবস্থা করবেন এবং উনি দাঁড়িয়েই বলেছেন যে টিকার জন্য যত টাকা উনি সেটা মজবুত রেখেছেন, মজুদ রেখেছেন। তার মানে আমরা ইতিবাচক দিক আছে হতাশ হবার কোনো কারণ নেই ইতিবাচক বার্তা। তবে হ্যাঁ আমাদের যেটা হওয়া উচিত ভয় না পেয়ে জয় করতে হবে| সেই জয় করার জন্য আমাদের যা করতে হচ্ছে স্বাস্থ্যবিধি...

জিল্লুর রহমানঃ ভয়টাই তো জয় করার এখন প্রধান উপায় কারণ ভয় না.. ভয় নেই বলেই তো কেউ স্বাস্থ্যবিধি মানছে না।

মনিরুজ্জামান মনিরঃ এটা... সেটাও আমি বলছি সেটাতে সরকারের স্বাস্থ্য বিধি মেনেই আমাদেরকে কাজ করতে হবে| স্বাস্থ্যবিধি মেনে চলা, মাস্ক পরিধান করা,সচেতন করা এটা হল মূল কাজ| আমি মনে করি কভিডের ক্ষেত্রে এ পর্যন্তই আমার দলীয় অবস্থা| রাজনীতিতে...

জিল্লুর রহমানঃ আমরা অন্য প্রসঙ্গতে pপরে কোভিডটা শেষ করি বাকি প্রসঙ্গ গুলো তে পরে আসি| মিস্টার হাবিবুর রহমান হাবিব আপনার কাছে কি মনে হয় যে কোভিড পরিস্থিতি আসলে কোন দিকে যাচ্ছে| সেটা যথাযথভাবে অ্যাড্রেস করতে পারছে কিনা আমরা যেটা ভয়াবহ ভয়ঙ্কর দুর্যোগ নেমে আসার আগে আসলে আমরা নির্ধারণ করে ফেলতে পারবো এরকম জায়গায় দাঁড়িয়ে আছি কিনা আমরা বা চেষ্টাটা সেরকম দেখেন কিনা আপনি| সরকারের দিক থেকে নাগরিকের দিক থেকে|

হাবিবুর রহমান হাবিবঃ আপনাকে ধন্যবাদ আপনার মাধ্যমে চ্যানেল আই এর সম্মানিত দর্শক শ্রোতা যারা দেখছেন দেশের এবং দেশের বাইরে তাদের সশ্রদ্ধ সালাম শুভেচ্ছা| কোভিডে আক্রান্ত যারা মারা গিয়েছেন তাদের আত্মার মাগফিরাত কামনা করছি যারা এখনও বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন আছে বাসায় চিকিৎসাধীন আছে তাদের আরোগ্য কামনা করছি| আসলে এখন মনে হয় একটা সময় এসেছে বিতর্কে না যাওয়া| সরকারকেও এ ব্যাপারটা সাংঘাতিকভাবে নিতে হবে যে বিরোধী দল বললেই গ্রহণ করা যাবে না, যাবেনা গ্রহণ করার মত হলে অবশ্যই গ্রহণ করতে হবে| আজকের যে বাস্তবতা, আজকের বাস্তবতা টি হলো যে আমাদের 17 কোটি মানুষ আমরা বাংলাদেশে বসবাস করি| আপনি তো দেখেন যে এ পর্যন্ত আমরা টেস্ট করলাম কয় কোটি? মাত্র 65 66 লক্ষ মানুষকে আমরা টেস্ট এর আনতে পেরেছি|আমাদেরআগে টেস্ট করার মত আইডিসিআর ছাড়া আর কোথাও ছিল না| এখন চার পাঁচশো টেস্টিং সেন্টার গড়ে উঠেছে| কিন্তু তারপরও টেস্টের আওতায় কতজনকে আনছে? ত্রিশ পঁয়ত্রিশ ছত্রিশ হাজারের বেশি আমরা যাই নাই| চৌদ্দ পনের বিশ বাইশ..মাত্র ত্রিশ কোটি, আমি যদি আমাদের টেস্টের আওতায় না নিয়ে আসতে পারি,টেস্টই করতে না পারি,কে আক্রান্ত হয়ে আছে কে হয়নি আমি বুঝবো কি করে| কতজন আক্রান্ত হয়েছে কতজন হয়নি তা বুঝবো কি করে| একজন আক্রান্ত ব্যক্তি যত বিভিন্ন জায়গায় ঘুরে বেড়াবে তত সেকেন্ডে সেকেন্ডে 5 সেকেন্ডে প্রতি 5 সেকেন্ডে একজন মানুষকে সে আক্রান্ত করবে| তবে টেস্ট করাতে পারলে লোকগুলো আমি আইসোলেশনে নিয়ে যেতে পারতাম| বা তারা ঘরবন্দি গৃহবন্দী থেকে তারা চিকিৎসা নিতে পারতেন| তো এই জায়গাটায় মারাত্মক আমাদের গাফিলতি দেখা দিয়েছে| প্রথম থেকেই এখানে ধরেন সরকারের পক্ষ থেকে বলা হয়েছিল যে আমরা চেষ্টা করছি, করব,মোকাবেলা করছি, করে যাচ্ছি| এখন আত্মতৃপ্তি পাওয়ার এখানে কোনো সুযোগ নেই কারণ আজকে 16 17 মাস, 16 মাস হয়ে গেল,এখনো.. এখনো আপনার প্রায় 37 টি জেলায় আইসিও নাই, অক্সিজেন ব্যবস্থা নেই| আমি জেনে বুঝে বলছি এই কারণে আমার নিজের আপন বোন পাবনাতে হসপিটালে ভর্তি হল কোন অক্সিজেন সাপোর্ট বেড না থাকার কারনে ঢাকাতে নিয়ে এসে আপনার প্রশান্তিতে রাখলাম পুরা 20 দিন, অক্সিজেন দিয়ে রাখতে হলো, ও সুস্থ হয়ে আল্লাহর রহমতে বাড়ি ফিরেছে কিন্তু সে সাংঘাতিক দুর্বল|আমার ইমিডিয়েট ছোট বোন ভগ্নিপতি, আমরা একসাথে মুক্তিযুদ্ধে গিয়েছিলাম| সে পাবনা তে গিয়েছে, সেখানে কোনো ভর্তি করার সুযোগ নেই আইসিও থাকলে বা অক্সিজেনের ব্যবস্থা থাকত তাহলে হয়তো আমার চিকিৎসাটা কন্টিনিউ করত|কিন্তু নাই| এই গাজীপুর শহীদ তাজউদ্দীন মেডিকেল কলেজে ভর্তি করে রেখে এসেছি, আমি দেখতে যেতে পারছি না|তো সবচেয়ে বড় কষ্টের ব্যাপার হল এই বেসরকারি হাসপাতালগুলো এমন অবস্থা হয়ে গিয়েছে আপনার মিনিমাম যদি একটা লোক ভর্তি হয় 5 লাখ মিনিমাম তারপর 1925 লক্ষ টাকা খরচ এক অমানবিক হয়ে গিয়েছে ,অমানবিক| তো এই যে অবস্থা, আবার সরকারি হাসপাতাল গুলোতে তো সম্ভব না এত সরকারি হাসপাতাল তো আমাদের নেই| যে কারণে আজকে মানুষের যে সামনের দিকে যে দুর্যোগ টা আসছে,আমার বাড়ি ধরেন ঈশ্বরদী, ঈশ্বরদীর কথা আমরা সবসময় বলি গত পরশুদিন 183 জন ছিল, কালকে 180 জন ছিল, আজকে এখনো আমি খাবারটা পাইনি আগের দিন ছিল 108টি..| এক টা থানাতে যদি এই অবস্থা হয়,আপনার এখানে আমি বলেছিলাম যখন লকডাউন দিত তখন বলতাম যে রিক্সাওয়ালার গল্পও করেছিলাম, যে রিক্সাওয়ালারা বলেছে যে আমাদের রাস্তায় উঠতে দেয় না, ভ্যান নিয়ে

আমরা মাল নিয়ে যাব তাহলে আমরা দুটো টাকা পাব| অথচ আমার এখানে রূপপুরে পারমাণবিক কেন্দ্রের রাশিয়ান যে প্রজেক্ট চলছে 12 হাজার লোক ওখানে প্রতিদিন কাজ করে,12 হাজার| আগে তেমন ধরা পড়তো না, এখন সেখান থেকে তারাও আক্রান্ত হচ্ছে| এই যে মহামারী আকার ধারণ করবে, যেটা আমি বুঝতেছি আরকি| একটা থানাতে যদি100 200 বা 180 90 ধরা পরে তো কি হবে বলেন বাংলাদেশ কতগুলি থানা| এবং কতগুলি জায়গায় দেখান সেদিন আপনার চুয়াডাঙ্গা 100পার্সেন্ট 41 জনকে টেস্ট করছে 41 জনের, সিরাজগঞ্জে 47 পার্সেন্ট, সাতক্ষীরায় 70 75 পার্সেন্ট, বরিশাল বিভিন্ন জায়গায়| তো এইযে ভয়ঙ্কর খারাপ দিকে আমরা যাচ্ছি| এখান থেকে বাচার আমাদের উপায় কি? আমি যতই চেষ্টা করি না কেন, টেস্ট যদি করতে না পারি তাহলে আমি আইসোলেশন করাতে পারছিনা| আর টেস্ট করার পরে এখন যদিও টিকা যদি না ব্যবস্থা হয় তাহলে কিন্তু আপনাকে এখানে বড় খেসারত আমাদেরকে দিতে হবে| আজকে চিন্তা করেন যে আমেরিকার কথা আমরা বলি আমেরিকায় ট্রাম্প,স্পস্ট করেই বলি যদি এখানে ট্রাম্প না হয়ে যদি বাইডেন রাষ্ট্র গন থাকতো এত লোক মারা যেত না| কারণ সে তো নিজেই মাস্ক খুলে ফেলে দিত| এখন আপনাদের আক্রান্ত হওয়ার ক্ষেত্রে নাইনটি পার্সেন্ট সুরক্ষা দেয় এখনো মাস্ক| আমাদের প্রথম থেকে কথা ছিল টেস্ট টেস্ট টেস্ট| সেটাও আমাদের বালাই নেই| মাস্ক মাস্ক মাস্ক মাস্কও কিন্তু আমরা সবাই পরি না| আগে গ্রাম এরিয়াতে গ্রামে একটা ই ছিল যারা গরিব মানুষ সাধারণ মানুষ তাদের হবে না কিন্তু এখনতো হচ্ছে| তো এখন এই যে আজকের গার্মেন্টস সেক্টর গুলোতে যে হবে গার্মেন্টস মালিকেরা বলার চেষ্টা করেছে যে গার্মেন্টস ফ্যাক্টরিতে তেমন আক্রান্ত হয় নাই, কতক্ষণ? আজকের লকডাউন আমি আসলাম আপনাদের গাড়িতে আমি প্রথম আসলাম এর আগে আমি আমার গাড়িতে আসতাম এক্সিডেন্ট করার পর আমার গাড়ি নেই এখন| তো রাস্তায় দেখলাম যে রিকশাতে গেলেও মানুষ চেক করছে কোথায় যাচ্ছেন| কারএমন শখ লাগছে বলেন তো| রিক্সা এমনি সময় 50 টাকা নিয়ে যে ভাড়া যাইতো যে দূরত্ব যাইতো মিনিমাম একশো টাকা নিবে| তো এমনকি কার শখ লেগেছে যে রিকশা নিয়ে আমি সারা ঢাকা শহরে ঘুরে বেড়াবো| এমন সত্যি কারো আছে, নাই| ওদের জিজ্ঞাসা করা হচ্ছে অথচ একসাথে দেখতেছি ম্যাজিস্ট্রেট, পুলিশ, আর্মি একসাথে পনের বিশ জন দাঁড়িয়ে তারা কিন্তু গায়ে গায়ে ভীরে ভীরে কিন্তু এগুলো টেস্ট, চেক করতেছে, তাদের কিন্তু দূরত্ব তাদের কিন্তু সামাজিক কিন্তু তাদের তা নেই, সামাজিক দূরত্ব নেইতো আসলেও নেইতো| যার কারণেই তারা এই করতেছে| এই অদ্ভুত একটা ই| আর এইখানে শেষ করি আমি করোনা কে মোকাবেলা করতে হলে আমাদের সবাইকে যার যার মত নিজেকে সুরক্ষা,তবে সুরক্ষার জায়গাটা থেকে আমার মনে হয় যে এখন আক্রান্তের সংখ্যা অনেক বেশি হয়েছে আক্রান্ত ব্যক্তিকে আপনি টাকা দিতেও পারবেন না| আপনি টিকা 10 কোটি আনেন আর পাঁচ কোটি আনেন আপনার তো টেস্ট করতে হবে যদি টেস্টই না করেন টিকা দিবেন কাকে| আপনি আন্তাজে একজন লোককে দিসিলেন টিকা সে করোনা আক্রান্ত হয়ে টেস্টই করবেন না তাহলে কি হবে| এর জন্য আমি মনে করি যেCএই মুহূর্তে সরকারকে সচেতন হতে হবে মানে বিরোধীদল বললে সেটা বিবেচনায় রাখতে হবে| আর আজকে আমি যেটা বলব এই যে দান অনুদান সাহায্য এইদেশ 17 কোটি মানুষের দেশে আমরা টিকা দিয়ে এখানে করতে পারবোনা| আর আমাদের স্বাস্থ্য মন্ত্রণালয়ের ক্ষেত্রে এখানে বলবো চরমপর্যায়ে ব্যর্থতার পরিচয় দিয়েছে এবং সবচাইতে মারাত্মক যে ভুলটা আমরা করেছি সেটা আমরা একটা মাত্র দেশের প্রতি,একটা মাত্র প্রতিষ্ঠান এর উপরেই বাংলাদেশ একজন মাত্র ব্যক্তি, একজন ব্যক্তির উপরই আমরা তাকে সহযোগিতা করার জন্য বা তাকে বেফিলেট করার জন্য আমরা যে প্রথমদিকে সিদ্ধান্তটা আমাদের সঠিক হয়নি|তা আমি মনে করি বিভিন্ন দেশ টিকা আবিষ্কার করেছে চায়না রাশিয়া সেখানে আমাদের সরকারের পক্ষ থেকে জোরালো তদবির করে টিকা গুলো অনানোর ব্যবস্থা করা এবং বাংলাদেশে যেন টিকা উৎপাদন করতে পারে সে ব্যবস্থা করা সে চেষ্টা আমাদের করতে হবে|

জিল্লুর রহমানঃ মিস্টার মনিরুজ্জামান মনির আমরা যেটি শুনছিলাম এখন পত্র পত্রিকায় দেখেছি যে অক্সিজেনের সংকট, আইসিও অধিকাংশ হসপিটালে নেই| এরকম একটা পরিস্থিতিতে আমরা বিরোধীদলীয় সংসদ সদস্যদের দেখলাম তারা স্বাস্থ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করেছেন সংসদে এবং গত কালের চিত্র যদি আমরা দেখি যে মৃত্যুর 153 জন, আক্রান্ত 8 হাজার 668 জন,শনাক্তের হার

পরীক্ষার বিপরীতে 28 দশমিক 99 অর্থাৎ29 শতকরা হার| সো এটি যদি 29 30, এটি যদি চল্লিশ পঞ্চাশে ঠেকে আপনি কি মনে করেন কিনা বাংলাদেশের স্বাস্থ্য ব্যবস্থা আসলে সেটি সামাল দিতে পারবে বা স্বাস্থ্য এই মন্ত্রণালয় এই দপ্তর এর যে কর্তাব্যক্তিরা তাদের কথাবার্তা আচার আচরন এবং ভূমিকা সব মিলিয়ে আসলে সম্ভব কিনা?

মনিরুজ্জামান মনিরঃ আপনার যে বিষয়টা এটা আমি অনেকদিন ধরেই বলছি, এটা অত্যন্ত দুঃখজনক এবং আমি মনে করি বাংলাদেশের স্বাস্থ্য মন্ত্রণালয়, স্বাস্থ্যমন্ত্রী বা সচিব অধিদপ্তরে যারা ছিলেন বা আছেন এখনো তাদেরকে আরো বেশি টু অ্যাক্টিভ রোল থাকা উচিত বলে আমি মনে করি| কারণ জনস্বাস্থ্যের মতো একটি গুরুত্বপূর্ণ বিষয় এবং যেখানে কোভিডএর মতো একটি মহামারী কে আমরা যখন মোকাবেলা করছি এবং হাবিব ভাই যে কথাটি বলেছেন তার সাথেও আমি একমত অনেকাংশ| যে আমরা একটি দেশের উপর নির্ভর না হয়ে আমাদের উচিত ছিল মন্ত্রণালয়ের, একটা বিষয়ে কি আপনি দেখবেন যে শুধুমাত্র আপনি যদি গতানুগতিক কাজ করেন তাহলে গতানুগতিক মানুষ হিসেবেই থাকবেন| একটা মানুষ যখন মন্ত্রী হয় তখন অন্যান্য সংসদ সদস্যের চেয়ে আরো বেশি আধুনিক বেশিবেশি স্মার্ট| এটা কোন মানবজনিত.. মন্ত্রী হয় ,আমার কাছে মনে হয় এই ব্যক্তিটি ব্যাপারে সংসদে দাঁড়িয়ে যারা বলেছেন আমিও বিনয়ের সহিত বলি যে আসলেও উনি অত বেশি আধুনিক বা যুগোপযোগী সিদ্ধান্ত নেই এত গুরুত্বপূর্ণ একটি মন্ত্রণালয়ের কে পরিচালিত করার জন্য যথা উপযুক্ত ব্যক্তি উনি নন এটা আমি মনে করি| এই জায়গাটার হয় আমলাতান্ত্রিক জটিলতা বা তার ব্যর্থতা এখানে আপনার আছে বলে আমি মনে করি এবং সেক্ষেত্রে আশার জায়গাটা যেটা বলছেন আমরা ইতিমধ্যে আমাদের পররাষ্ট্রমন্ত্রী এবং সবচেয়ে বড় কথা মাননীয় প্রধানমন্ত্রী এটার দেখভাল করছেন এবং এটার সাথে সে মাননীয় প্রধানমন্ত্রী সরাসরি জড়িত|সে কারণে এখন আমরা ওই মন্ত্রণালয়ের মন্ত্রী বা সচিব তারচেয়ে বেশি আমাদের সরকারি অন্যান্য কম্পনাঅন যেখানে আছে আমরা সেইদিকেই বরঞ্চ হাঁটছি এটা আমার কাছে দৃশ্যত হচ্ছে দৃশ্যমান হচ্ছে যে মাননীয় প্রধানমন্ত্রী,পররাষ্ট্রমন্ত্রীর মানে প্রধানমন্ত্রীই সমস্ত কিছু উদ্যোগী হয়ে করছে| এটাই আমাদের সবচাইতে দুর্ভাগ্যের জায়গা যে সমস্ত কিছুতেই মাননীয় প্রধানমন্ত্রী হস্তক্ষেপ করতে হয়|এটা আমাকে খুব পীড়া দেয় যে মানুষটা এই আমার দেশের মানুষকে সুন্দরভাবে রাখার জন্য রাত দিন পরিশ্রম করে যাচ্ছে মাননীয় প্রধানমন্ত্রী এটা খুব দুর্ভাগ্যজনক| আমার মনে হয় যে বাংলাদেশ সরকারের ক্যাবিনেটেও অনেক ডায়নামিক মন্ত্রী আছেনঅনেক যুগ উপযোগী সিদ্ধান্ত নিতে পারেন এরকমের মন্ত্রী আছে এবং আমার কাছে খুব কষ্ট হয় যে উনি একসময় এই মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীও ছিলেন| কিন্তু এটা খুব দুর্ভাগ্য এখান থেকে এখনও আমরা পরিত্রাণ পাইনি| যাই হোক আপনি যে কথা বলছিলেন যেটা হাবিব ভাই বলছেন যে পিসিআর ল্যাব..পিসিআর ল্যাব একসময় আমাদের ছিল না হাবিব ভাই| এখন সেটা 500 উপড়ে গেছে| এরকম এক পরিস্থিতি হয় নাই যে তার পরিবর্তন হয়নি তা নয়|35 40 হাজার টেস্ট এখন হচ্ছে| এখান থেকে আমাদের ইতিবাচক যে পরিবর্তনগুলো হচ্ছে সেটাও আমাদের ট্রেস করা উচিত| আমি যেটা বললাম সেটা হল এটি মোকাবেলা করার জন্য প্রথমত বাংলাদেশ নাগোটা দুনিয়ার অনেক দেশই জানতো না|মার্কিন যুক্তরাষ্ট্র যুক্তরাজ্য শত শত বছর ধরে যাদের চিকিৎসা ব্যবস্থা অনেক আধুনিক উন্নত তারাই সেখানে ব্যর্থ হয়েছিল| তারা এই আপনি যুক্তরাষ্ট্রের কথা বলছেন সেখানে ছয় লাখের উপরে বেশি মানুষ মারা গেছে, ব্রাজিলে মারা গেছে ,ইন্ডিয়াতে মারা গেছে| আমি বলছি না যে মারা গেছে সে কারণে আমার দেশ, অবশ্যই আমার দৃষ্টিতে একটি মানুষও এই কোভিড আক্রান্ত না হয় মারা যেত তাহলে আমরা বেশি খুশি হতাম।

জিল্লুর রহমানঃ বৈশ্বিক বৈশ্বিক মিস্টার মনির আমলাতান্ত্রিক জটিলতা আপনি বলছেন। আমরা সংসদে দেখলাম কয়েকদিন আগে কয়েকজন সিনিয়র সংসদ সদস্য সরকারি দলের বিরোধী দলের তারা বলছেন যে আসলে কোভিড এই মোকাবেলার জন্যে জেলা পর্যায়ে দায়িত্বটা দেয়া হয়েছে সচিবদের এবং এতে করে রাজনীতিবিদরা আসলে জনপ্রতিনিধিরা অনেক দূরে সরে গেছেন জনগণ থেকে। যদিও একজন প্রতিমন্ত্রী পরেরদিন বলেছেন যে, এই সিদ্ধান্তটি ঠিক আছে যুগান্তকারী সিদ্ধান্ত বলেছেন তিনি এটিকে যে আমলাদের দায়িত্ব দেওয়া হয়েছে এবং তারাই আসলে যথাযথভাবে করতে পারছে। তার মানে তিনি এটি

বোঝাতে চেয়েছেন কিনা যে আসলে রাজনীতিবিদদের সেই সংযোগটা জনগণের সাথে নেই। আমি বলছি না সব যদি একটু ছোট্ট করে বুঝতে চাই যে...

মনিরুজ্জামান মনিরঃ না আমি প্রথমত সংসদে দাঁড়িয়ে প্রথমত আমাদের বর্ষীয়ান রাজনীতিবিদ তোফায়েল আহমেদ যে কথাটা বলেছেন এ কথার সাথে আমি একাত্মতা প্রকাশ করছি এবং আপনি যে মন্ত্রীর কথা বলেছেন সে তার জায়গায় দাঁড়িয়ে কথা বলেছেন এখন হয়তোবা মন্ত্রণালয়কে চালানোর ক্ষেত্রে আমাদের নির্ভরশীল হতে হয় আমলাদের বা সচিবদের তাদের খুশি করার জন্য যদি আমাদের বলা হয় সেটা এক একটা জিনিস আর যদি মনে করা হয় আমাদের এই দেশ এবং গত কয়েকদিন আগে আমাদের পার্টির যুগ্ম সাধারণ সম্পাদক জনাব মাহাবুব-উল আলম হানিফ একটি বেসরকারি চ্যানেলে সাক্ষাৎকারে বলেছেন রাজনীতিবিদদের কাজ কি আমলাদের কাজ কি। উনি খুব সুস্পষ্টভাবে এডজাস্ট করেছেন। এবং আমার মতামত হানিফ ভাই যেটা বলেছেন সেটা যথার্থই বলেছেন। প্রথমত দেশ পরিচালনা এবং দেশ সাধিকার স্বাধীনতা এই দেশ পাওয়া এটা রাজনীতিবিদদের হাতেই রয়েছে। দেশের মানুষের জন্য কল্যাণকর যা কিছু সেটা রাজনীতিবিদরাই করেন । আমলারা তাদের রুটিনমাফিক যে কাজ সরকার পরিচালনার জন্য যা যা কাজ করা দরকার সেটা আমলাদের কাজ । আমি মনে করি একজন আমলা যেমনিভাবে দেশের হয়ে দেশের প্রজাতন্ত্রের কর্মকর্তা-কর্মচারী হয়ে যে কাজটা করা দরকার সেটা আমলাই করবেন আবার জনগণের যে সার্বিক উন্নয়নের কাজ জনগনের জন্য যা যা করা দরকার সেটা একজন রাজনীতিবিদ ই করে । রাজনীতিবিদদের সাথে সংযোগ টা থাকে অতএব আমার নির্বাচনী এলাকার কোন মানুষতার কি অসহায় অবস্থায় আছে এটা আমিই সরাসরি দেখতে পারি। এবং জনগণের কাছে যে দায় দায়টা রাজনীতিবিদের একজন আমলার নয়। কারণ আমলা সকাল নয়টা পাঁচটা পর্যন্ত অফিস করে রুটিন মাফিক কাজ করে উনি সিগনেচার করেন পর্যন্তই এবং আমলারও দরকার আছে। রাষ্ট্রপরিচালনা তো আমলাই করে । সরকারের সমস্ত যে অর্ডার গুলা এটা ফলো করবে বাস্তবায়ন করবে তো আমলারা। কিন্তু আমার সেই কারণে কেউ যদি বলে থাকে এটা যুগান্তকারী সিদ্ধান্ত হ্যাঁ তাৎক্ষণিকভাবে এরকম একটা পরিস্থিতির জন্য আমলারা রাজনৈতিক নেতাদের সাথে সমন্বয় করে কাজ করবে অতি দ্রুত গতিতে যাতে কাজটা হয় সেটার জন্য মাননীয় প্রধানমন্ত্রী দিয়েছেন সেটাকে যদি আমরা মনে করি এই সিদ্ধান্তটা সার্বক্ষণিক এর জন্য তা নয় উনি যদি মনে করে থাকেন এই রকম একটি সিদ্ধান্ত যুগান্তকারী সিদ্ধান্ত সেটা উল্লাহ ব্যক্তিগত মতামত। না আমি রাজনৈতিক নেতৃত্বের নেতৃত্বেই দেশ পরিচালিত হচ্ছে। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বাংলাদেশের প্রধানমন্ত্রী উনি প্রথমত আওয়ামী লীগের সভানেত্রী। এটাই আমার কাছে মুখ্য। আমি একজন কর্মী হিসেবে আমার কাছে উনি আমার পার্টিপ্রধান, সভানেত্রী এবং আমার দলের নেতাকর্মীরা নির্বাচনের মধ্য থেকে জনগণের ভোট নিয়ে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বাংলাদেশের প্রধানমন্ত্রী। আমার কাছে প্রথমত দলের প্রধান সে অর্থাৎ এই দলের নেতা কর্মীদের দ্বারা পরিচালিত হয় তারা দেশের সাধারণ মানুষ। অতএব সর্বাজ্ঞে আমার রাজনৈতিক দলের নেতা হিসেবে শেখ হাসিনার অবস্থান তারপর বাংলাদেশের প্রধানমন্ত্রী অবশ্যই রাষ্ট্রপরিচালনার জন্য প্রধানমন্ত্রী উপাধিটা অনেক বড় কিন্তু সাথে সাথে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বাংলাদেশ আওয়ামী লীগের মতো একটি প্রাচীনতম রাজনৈতিক দলের সভানেত্রী এটা ভুলে গেলে চলবে না। স্বাভাবিক কারণেই যে বা যারা যার অবস্থান থেকে কথা বলে আমি তার সাথে একমত নই আমি বরঞ্চ সমসাময়িক ইস্যুতে গত কয়েক দিন আগে হানিফ ভাই যে কথাটা বলেছেন যে সংবিধানে বর্ণিত আছে

জিল্লুর রহমানঃ কার কি দায়িত্ব?

মনিরুজ্জামান মনিরঃ রাজনৈতিক নেতার কি কাজ এবং আমলার কি কাজ। সে তার সেই কাজটাই করুক দিনের শেষে আমি এবং হাবিব ভাইরাই ভোট করতে যাব ওই আমলা করবেন না। ওই আমলা যদি তার চেয়ারের থেকে ভোট করার চেষ্টা নিয়ে মানসিকতা নিয়ে কাজ করে বরংচ সেটাকেই রোধ করা উচিত আজকের আমলারা সেই রকমের একটা মানসিকতা। একজন সরকারি কর্মকর্তা-কর্মচারী সে

এখন এলাকায় গেলে কিভাবে গাড়ির প্রটোকল পাবে এই মানসিকতা পোষণ করছে এইখান থেকে উদ্ধার করতে হবে এর বিরুদ্ধে আমাদের কথা বলতে হবে। চেয়ারে আমি আছি সে কারণে তাদেরকে তোষামোদ করে কথা বলতে হবে এই মানসিকতা আমাদের পরিহার করা উচিত।

জিল্লুর রহমানঃ মিস্টার তোফায়েল আহমেদ বলছিলেন এলাকায় যান না অনেকে । মিস্টার হাবিবুর রহমান আহমেদ এই বিতর্কে আপনার যা মন্তব্য

হাবিবুর রহমান হাবিবঃ না এই ব্যাপারেতো দ্বিমত পোষণ করার কোন সুযোগ নাই অনেক অনেক সচিব আছে যারা কোনদিন ডিসি হয়ে যায় নাই জেলাতে ডিসিগিরিও করে নাই। তার দায় কি এখানে? সে এখানে দায়সারা তাকে দেয়া আছে ওখানে পড়লেই বাকি বাঁচলেই বাকি কিন্তু একজন ওই এলাকায় তিনি সংসদ সদস্য যদি মন্ত্রী থেকে থাকে মন্ত্রী বা সংসদ সদস্য যদি থাকে

জিল্লুর রহমানঃ বা স্থানীয় সরকার যারা আছেন।

হাবিবুর রহমান হাবিবঃ না এমপি মন্ত্রীরাই মুল ইতে থাকবেন তারা সেখানের সচিব না তো মন্ত্রীদের এমপিদের থেকে তো পদবি তে উপরে না।

জিল্লুর রহমানঃ এমপিরাই উপরে।

হাবিবুর রহমান হাবিবঃ এমপিরাই উপরে তারা যে জেলায় মিনিস্টার আছে সে জেলায় মিনিস্টার থাকবে সেখানে তার সাথে এমপিরা থাকবে সেখানে আপনার সচিব যোগাযোগ করবে ডিসি যোগাযোগ করবে। এখানেই তো তারা বিপদে পড়ে গেছে এখনতো আগেত ডিসি সাহেব কথা বলে তারপর প্রধানমন্ত্রী কথা বলে । এখন অনেক এমপি কথা বলার সুযোগ পায় না। এখন এমপিরা অনেক সময় বলে যে আমি একটু প্রধানমন্ত্রীর সাথে কথা বলতে চাই এখন ডিসি সাহেব যদি অনুমতি দেন তাহলে এরকম একটা অবস্থা হয়ে গেছে না? এটা একটা বিব্রতকর অবস্থা তো এজন্য তোফায়েল ভাই যে কথাটা বলেছে অ্যা মনিরুজ্জামান মনির যে কথাটা বলল আসলে এটাই কি বাস্তবতা। (24.43)

জিল্লুর রহমানঃ আমি অন্য একটি প্রসঙ্গে যেতে চাই সেটি হচ্ছে যে গত কয়েকদিন ধরেই এই বিতর্ক করা হচ্ছে যে ডক্টর জাফরুল্লাহ চৌধুরী যাকে বিএনপি'র মিন্‌টু বলে গণ্য করা হয়, তিনি আপনার দলের ভারপ্রাপ্ত সদস্যদের নানা সময়ে নানা রকম মন্তব্য করেছেন তিনি মনে করেন যে তিনি আসলে আপনাদের দলের জন্য একটা বোঝা ডক্টর জাফরুল্লাহ চৌধুরী তো এই প্রসঙ্গে আমি আপনার একটু মতামত শুনতে চাইবো। একই সঙ্গে আমি আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আরেকটি বোমা ফাটিয়েছেন যে বিএনপি'র অনেকেই এখন সরকারের সঙ্গে যোগাযোগ নিয়মিত রাখছে অনেক ক্লাইনও দিয়েছে সরকারি দলে যোগ দেওয়ার জন্যে। সেই বিষয়ে আপনার মতামত শুনতে চাই।

হাবিবুর রহমান হাবিবঃ না এখানে আমার খুবই স্পষ্ট বক্তব্য ডক্টর জাফরুল্লাহর ব্যাপার যেটি সেটি হলো আমার পরশুদিন একটা ভার্চুয়াল একটা মিডিয়াতে তার সাথে আমার টকশো হইছে এবং আমরা শেষ পর্যন্ত এক জায়গায় একমত হয়েছি। যে রাজনীতি করতে গেলে বা সংসদেও জেদের ভিতর অনেক সময় কথা নিয়ে ভুল বোঝাবুঝি হতে পারে। তা সেটা চূড়ান্ত কিছু না। এখন আমাদের দলের পক্ষ থেকে ছেড়ে দেওয়া হচ্ছে সেখানে তাহলে বলতে গেলে উনি যে বক্তব্য গুলো দেন, সেখানে তো দেন তো বিএনপি ঘন লোকজনের সামনেই তো বক্তৃতা দেন শ্রোতাও তারা ভক্ত তারা। সেখানে তারা এই মুহূর্তে যেহেতু তারেক রহমানের প্রতি সবার একটা আলাদা একটা এখানে সিম্পিতি আছে যেহেতু একটা বিদেশে আছেন তার মা অসুস্থ দেশে ফিরতে পারতেছে না। তো এই সমস্ত সময় এখন আসল সংকট তো তারেক রহমানকেই কথা বলে না। এখন সংকট প্রধান সংকট হলো কোরোনা মোকাবেলা করা। দ্বিতীয়ত সংকট

হলো বাংলাদেশে গণতান্ত্রিক রচনা করা। এখানে এই মুহূর্তে তারেক রহমানকে লেখাপড়া শিখতে যাওয়া তাকে এই মুহূর্তে দুই বছরের জন্য বাড়ি থেকে অন্য জায়গায় যে কাউকে দায়িত্ব দেওয়া এই সমস্ত কথাগুলো আলোচনার বিষয়বস্তু না। সেটাও ডক্টর জাফরুল্লাহর সাথে কথা বলার পরে উনিও আমার সাথে একমত পোষণ করেছেন। যে না উনি আমাকে বলেছেন ব্যাখ্যা দিয়ে বলেছেন, আমি চেয়েছি তারেক রহমান একজন ভালো প্রধানমন্ত্রী হবেন উনি যেহেতু ওখানে আছেন লন্ডনে আছেন সেখানে সে অন্যান্য বিষয়গুলি সে জানবে তাকে তো আমি স্কুলে ভর্তি হতে বলি নাই কলেজে ভর্তি হতে পারি নাই। কথার মধ্যে ওনার পুরা কথাটা যদি আমাদের ছেলেরা শুনতে তাহলে হয়তো হয়তো ওই কথাগুলো আসতোও না। যা পরবর্তী সময় দেখা যেত ওই ব্যাপারে বাড়াবাড়ি না ওই জায়গা থেকে আমরা মোটামুটি একমত হয়েছি যে না এক হল এই মুহূর্তে সংকট যেটা সংকট মোকাবেলা করাটাই আমাদের…

জিল্লুর রহমানঃ কিন্তু একজন নেতা সম্পর্কে যদি কেউ সমালোচনা করে, কোনো দিকনির্দেশনা তার সম্পর্কে দিতে চাই…

হাবিবুর রহমান হাবিবঃ সেটা দিলে পরে সেটা দিলে পরে না সেটি তো

জিল্লুর রহমানঃ আপনি গণতান্ত্রিক হলে তো সেটা মানিয়ে নিতে হবে। আপনি প্রধানমন্ত্রী শেখ হাসিনার সমালোচনা পাবেন। আপনি তারেক রহমানের কেন সমালোচনা পাবেন না। করা যাবে না কেন? আর প্রধানমন্ত্রী হলে প্রধানমন্ত্রীর সমালোচনা কেন সহ্য করতে পারবেন না? যদি তিনি গণতান্ত্রিক হয়ে থাকেন।

হাবিবুর রহমান হাবিবঃ না এখানে এখানে ব্যাপারটি হলো যে প্রধানমন্ত্রীর সমালোচনা অবশ্যই সহ্য করবেন না। কারো সমালোচনা? তার দলের লোকের সমালোচনা।

জিল্লুর রহমানঃ কেন সহ্য করবেন না আমরা তো জানি যে দলের মধ্যে অনেক…

হাবিবুর রহমান হাবিবঃ প্রধানমন্ত্রী এইগুলো কেন সহ্য করবেন? দলের লোক তো কাকে বলবে।

জিল্লুর রহমানঃ এইযে পার্লামেন্টে দাঁড়িয়ে যে তোফায়েল আহমেদ যতো আলোচনা করলেন সেটি তো…

হাবিবুর রহমান হাবিবঃ তোফায়েল ভাই আলোচনা করার কারণে তোফায়েল ভাইয়ের অবস্থান কোথায় গেছে আপনি কি বুঝতেছেন সেটা? এটা তোফায়েল ভাইয়ের এই কথাটা নেত্রীকে বুঝিয়ে বলার দরকার ছিলো। যা হওয়ার হয়ে গেছে এখন এখান থেকে সরে আসেন দেশের অবস্থা ভালো না। ডক্টর জাফরুল্লাহ চৌধুরী উনি উনার কোন বক্তব্য থাকলে দিতো অথবা ফোনে বলতে পারতেন। বা বিএনপি'র লোকজনের ভিতরে মিটিংয়ে বলার দরকার নাই। মিডিয়ার সামনে গিয়ে তো বলা দরকার নাই তার। আলোচনা সভায় বলার দরকার নাই তার এমনিই বলতে পারেন। আমার কোন কথা থাকলে আমি তারেক রহমানকে বলবো তাই বলে মিডিয়ার সামনে গিয়ে বলবো? প্রধানমন্ত্রীকে যদি কোন সাজেশন দিতে হয় তোফায়েল ভাইয়ের…

জিল্লুর রহমানঃ আওয়ামী লীগের নতুন কমিটিতে আলোচনা হয় বিতর্ক হয় আমরা সিদ্ধান্ত নেবো তাই না?

হাবিবুর রহমান হাবিবঃ না না সেটা তো না আলোচনা না সেটা তো হলরুমে মিটিংয়ে তাদের মিডিয়া থাকে না।

জিল্লুর রহমানঃ মিডিয়া না থাকলেও খবর তো গোপন থাকে না।

হাবিবুর রহমান হাবিবঃ সেটা সেই খবর পাওয়া আর মিডিয়ার সামনে কথা বলা অনেক পার্থক্য। অনেক পার্থক্য তোফায়েল ভাই সে সিনিয়র নেতা গণঅভ্যুত্থানের উনি মহানায়ক সব কিছুর পরেও উনি সংসদে দাঁড়িয়ে যখন এটা বলেছেন তাহলে প্রধানমন্ত্রী তো বিতর্কিত হয়েই যায়। এটাকে সংসদে ওই ভাবে নেওয়া দরকার ছিল। আরেকটা জিনিস আছে যেটা আমি আজকে বলতে চাই বর্তমান যে অবস্থা...

জিল্লুর রহমানঃ না আমরা ওইযে ওবায়দুল কাদের সাহেবের ওই...

হাবিবুর রহমান হাবিবঃ ওবায়দুল কাদের সাহেব যে কথাটি বলেছেন। এখন কাদের ভাই ধরেন রাষ্ট্রীয় ক্ষমতা যখন থাকে তখন অনেক কিছু মুখ দিয়ে বলা যায়না সয়াও যায়না। এখন ওবায়দুল কাদের ভাইয়ের কথা যদি আপনি শুনতে চান অনেক মন্ত্রীর দেখবেন মুখ দিয়ে কি কথা বের হয়ছে? বলেন? একটা তো আমার প্রায় দুগুনি পাউরুটি না খেয়েছে বিস্কিট খাচ্ছে। এমন চায়ের কাপের ভেতরে বিস্কিটটা দিয়ে আবার বিস্কিটটা খাচ্ছে। আর কি কথা বলি বলেছে সেটা আমরা সবাই জানি, এখন উনি যেটা বলছেন সেটা ওনার জায়গা থেকে যদি উনি বলেন প্রমাণটা কি? তাহলে উনি বলে দিক কারা কারা যোগাযোগ করেছে ওনাদের সাথে? আন্দাজে বললে তো হবেনা?

জিল্লুর রহমানঃ যোগাযোগ সব সময় হলে বলতে পারেন।

হাবিবুর রহমান হাবিবঃ তালি পরে না তাহলে পরে সাউথ কি ওনার সাথে যোগাযোগ উনি বলছেন তাদের উনি একটা কথা বলেছেন যে বিএনপি'র বিভিন্ন সব পর্যায়ে তা বেগম খালেদা জিয়াও চেষ্টা করতেছেন আওয়ামী লীগে যাওয়ার। তারেক রহমানও লন্ডন থেকে চেষ্টা করতেছে বিএনপির মহাসচিবও চেষ্টা করতেছে সব পর্যায়ে যখন বলছেন। তাহলে এটা ফাইনাল করুক যে খালেদা জিয়া বলছেন যে আমি আওয়ামী লীগ করবো। তারেক রহমান মেসেজ পাঠায় আমি কী করবো। এমনকি মির্জা ফখরুল আহমেদ ওবায়দুল কাদেরের কাছে বলছে ভাই আমি আওয়ামী লীগ করতে চাই। কইতে পারবেন উনি? এগুলি কথা বলার সময় অনেক হিসাব করে বলতে হবে। বলতে পারেন যে বিএনপির বিভিন্ন পর্যায়ের মানুষেরা হতাশা সেখান থেকে অনেকে বিএনপিতে যোগদান করতে চায় আমরা যোগদান করাবো না। আমাদের তো অনেক লোক এইভাবে কথা বললি সেটা আলাদা কথা। কিন্তু ঢালাও কথা বলাটা তো উনি যুক্তিসঙ্গত ভাবেইনি।

জিল্লুর রহমানঃ যে আশঙ্কাটি করছে সরকারের সঙ্গে করতে পারে।

হাবিবুর রহমান হাবিবঃ নানা সরকারের সময় তো এইডা সরকারি দলের সময় এই মুহূর্তে বিএনপি'র কোন লোক যে করবে এটা পাগলেও বিশ্বাস করবে না। কারন একটি কারণই বলি যে আমার ভাই মনিরুজ্জামান মনির হয়তো আমার কথাটা শুনে হয়তো কষ্ট নিতে পারেন। এখন বর্তমান আওয়ামী লীগ যে জায়গায় চলে গেছে বিশ্বাস করেন ক্ষমতা যখন থাকে এরশাদও চার তারিখে মাদারীপুর গিয়ে শেখ শহীদের সাথে গিয়ে বলেছিলো অনেক যে ট্যাগেরহাটে যে দেখেন এরা বলে আমার সাফল্যের জন্য সব লোকজন আছে বিএনপি যখন ধরুন আমরা ক্ষমতায় ছিলো বিএনপি মনে করছে তাই। সবাই মনে তাই করে ক্ষমতা থাকলে পরে বুঝা যায় না। আজকে আওয়ামী লীগের অবস্থান ভিতরে ভিতরে কত জায়গায় মানে কত খারাপ অবস্থা এমনি একজন সাধারণ কর্মী এই মুহূর্তে আবার আওয়ামী লীগ করতে চাবে না। এই ১২ বছর পরে বিএনপির একজন সাধারণ কর্মী সে আওয়ামী লীগ করতে চাবে না প্রথম কথা হলো যাবেনা দ্বিতীয়ত...

জিল্লুর রহমানঃ সরকারের মর্জিও তো হতে হবে।
হাবিবুর রহমান হাবিবঃ না। এই মুহূর্তে না এত অপশনাল।

জিল্লুর রহমানঃ ৯৬ এ যখন আওয়ামী লীগ ক্ষমতায় ছিল ৯৬, ২০০০ ওই সময় কিন্তু বিএনপি মন্ত্রী বিএনপি থেকে একজন মন্ত্রী হয়েছে।

হাবিবুর রহমান হাবিবঃ নানা বিএনপি থেকে কেউ মন্ত্রী হয়নি।

জিল্লুর রহমানঃ হাসিবুর রহমান স্বপন তারপরে সালাউদ্দিন

